

# মাদ্রাসার দাওরা ডিগ্রীকে এম.এ মানদানের ঘোষণা বাস্তবায়নে এক মাসের মধ্যে কৌশল প্রণয়নের নির্দেশ

সুলতান মাহমুদ

কওমী মাদ্রাসার দাওরা ডিগ্রীকে স্নাতকোত্তর (এম.এ) মানদানে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ঘোষণা বাস্তবায়নে দেশের প্রতিথযশা শিক্ষাবিদ, ইসলামী চিন্তাবিদ ও সংশ্লিষ্ট পন্থ সর্বকর্মকর্তাদের সমন্বয়ে ২০ সদস্যবিশিষ্ট টাস্কফোর্স গঠন করা হয়েছে। দাওরা ডিগ্রী (ইসলামিক স্টাডিজ/আরবী সাহিত্য) এম.এ'র মানদানের সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য ১-এর পর ১-এর কাই দেখ

## মাদ্রাসার দাওরা ডিগ্রীকে

১১-এস পৃষ্ঠার পর

কৌশল প্রণয়ন করতে বলা হয়েছে। সেই সাথে পরিকল্পনা ও বাস্তবায়ন কৌশল প্রণয়নের জন্য ৫ দফা গাইডলাইন ও কর্মপরিকল্পনা নির্দিষ্ট করে দিয়েছে। নির্দিষ্ট গাইডলাইনের আলোকে কৌশল প্রণয়ন করে তা শিক্ষা মন্ত্রণালয়ে এক মাসের মধ্যে উপস্থাপন করতে সরকার গত বুধবার প্রজ্ঞাপন জারি করেছে।

শিক্ষা মন্ত্রণালয় থেকে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী শিক্ষা সচিবকে আহ্বায়ক করে গঠিত ২০ সদস্যের এই টাস্কফোর্স দাওরাকে এম.এর মানদানের সিদ্ধান্ত বাস্তবায়নে দেশের সব কওমী মাদ্রাসার সিলেবাস, পাঠ্য বিষয়, মূল্যায়ন ব্যবস্থার সমতা বিধান এবং যথাযথ মানে উন্নীতকরণ; সব মাদ্রাসায় একই রকম স্তর ও শ্রেণী বিন্যাসের ব্যবস্থাকরণ; মাদ্রাসাসমূহের সমন্বয়, উন্নয়ন এবং পাবলিক পরীক্ষা গ্রহণের জন্য একটি প্রতিষ্ঠান গঠন; কোন এক্সিলিয়েন্টিং বিশ্ববিদ্যালয় থেকে দাওরা ডিগ্রীর সনদ প্রদানের ব্যবস্থাকরণ এবং শিক্ষা প্রতিষ্ঠানে আরবী সাহিত্য ও ইসলামিক স্টাডিজ বিষয়ে শিক্ষকতা, কাজীর দায়িত্ব পওয়া, মসজিদের ইমান হিসেবে নিয়োগসহ বেতন-ভাতাদির সরকারী অংশপ্রাপ্তির ক্ষেত্রে আলীয়া মাদ্রাসা থেকে পাস করা শিক্ষার্থীদের সমান্তরাল সুযোগ সৃষ্টির বিষয়ে কৌশল প্রণয়ন করবে।

দেশের যেসব প্রতিথযশা শিক্ষাবিদ ও ইসলামী চিন্তাবিদকে এ টাস্কফোর্স কর্মিটির সদস্য করা হয়েছে তারা হলেন: চট্টগ্রাম হাটহাজারী মাদ্রাসার মহাপরিচালক স্বতীব মাওলানা আহমেদ শফী, রাজধানীর মোহাম্মদপুরস্থ জামিয়া রহমানিয়ার প্রিন্সিপাল শায়খুল হাদীস আব্বাস আলিজুল হক, জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের স্বতীব মাওলানা উবায়দুল হক, বসুন্ধরা ইসলামিক রিসার্চ সেন্টারের মহাপরিচালক মুফতী আব্দুর রহমান, মাসিক মদিনা সম্পাদক মাওলানা মুহিউদ্দীন খান, জাতীয় সংসদ সদস্য ফজলুল হক আহিনী, সংসদ সদস্য মুফতী মোহাম্মদ ওয়াহিদান, সংসদ সদস্য মুফতী শহিদুল ইসলাম, কিশোরগঞ্জের জামেয়া এমদাদিয়ার প্রিন্সিপাল মাওলানা আনোয়ার শাহ, সিলেট দরগাহ মাদ্রাসার মাওলানা আবদুল বাসেত, চট্টগ্রাম দারুল মাআরিফের মহাপরিচালক মাওলানা সুলতান যওক নদভী, বেফাকুল মাদারিস মহাসচিব মাওলানা আবদুল জব্বার, চট্টগ্রাম পটয়া মাদ্রাসার ভাইস প্রিন্সিপাল মাওলানা আবদুল হালিম বোখারী, গোপালগঞ্জ গওহরডাংগা মাদ্রাসার প্রিন্সিপাল রুফুল আমীন, বঙ্গলা জাঙ্গিল মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা ইউসুফ নেছারী, বি-বঙ্গীয়া এদারুতুত ডালিমিয়া'র মহাসচিব মুফতী মোবারক উচ্চাহ, রাজধানীর উত্তরাস্থ বাবুল সালাম মাদ্রাসার সিনিয়র মোহাম্মিন

মসজিদের স্বতীব মাওলানা মাহমুদুল হাসান শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (মাধ্যমিক)। মাদ্রাসা শিক্ষকদের দীর্ঘ আন্দোলন সংগ্রামে সরকার কওমী মাদ্রাসার সনদের স্বীকৃতিদানের ঘোষণা করে। বিশেষ ২ চারদলীয় জোট সরকারের পরীক্ষকের ম ইসলামী দলগুলোর শীর্ষ স্থানীয় নেতা আব্দু আজিজুল হকসহ বেশকিজন সংসদ সদস্য নেতৃত্বে গত মাসে রাজধানীতে লাগা আন্দোলন শুরু হয়। এই আন্দোলনের ৩ হিসেবে গত ১৬ আগস্ট থেকে মুজা লাগাতার পাঁচ দিন হাজার হাজার মত শিক্ষক অবস্থান ধর্মঘট পালন করেন। সরকারের আশ্বাসের প্রেক্ষিতে সে আন্দোলন বন্ধ হয়। আর ২১ আগস্ট প্রধানমন্ত্রীর কার্যকর আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত ৫৪ সম্মেলনে প্রধানমন্ত্রী কওমী মাদ্রাসার দা ডিগ্রীকে এম.এ'র সমমান দেয়ার অনুষ্ঠান ঘোষণা দেন। সে ঘোষণা বাস্তবায়নেই বিশেষজ্ঞ টাস্কফোর্স গঠন করা হয়েছে।